**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ রক্তদানের ক্ষেত্রে ত্রিপুরাকে আদর্শ রাজ্য তৈরি করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।**
**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ২০তম আঞ্চলিক সরস মেলার উদ্বোধন করেন।**
**(৩) সংসদে সন্ত্রাসী হামলায় প্রাণ হারানো সাহসী নিরাপত্তা রক্ষীদের প্রতি দেশ আজ শ্রদ্ধা জানাচ্ছে।**
**(৪) ৫১তম জাতীয় সিনিয়র মহিলা দাবা প্রতিযোগিতায় ব্রোঞ্জ পদক পেলো রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস।**

*********************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ রক্তদানের ক্ষেত্রে ত্রিপুরাকে আদর্শ রাজ্য তৈরি করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। আজ আগরতলার নজরুল কলাক্ষেত্রে ইমারজেন্সি ব্লাড সার্ভিস এন্ড রে অফ লাইফের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন তিনি। তিনি বলেন রক্তের কোন জাত পাত ধর্ম নেই। রক্ত দিলে শরীরের কোন ক্ষতি হয় না। এই সম্পর্কে জনগণকে আরো বেশি সচেতন করতে হবে। নেগেটিভ রক্ত দাতার তালিকা তৈরি করে সংরক্ষিত রাখার জন্য তিনি সংস্থার প্রতি আহ্বান জানান। রাজ্যপাল আরো বলেন রক্তদানের পাশাপাশি বাল্যবিবাহ, নেশার বিরুদ্ধেও মানুষকে সচেতন করতে হবে। প্রধানমন্ত্রী টিবিমুক্ত ভারত গড়ার যে আহ্বান রেখেছেন তাকে বাস্তবায়িত করা, এছাড়া স্বাস্থ্য বীমা ও জন আরোগ্য যোজনা প্রকল্পগুলি সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করার বিষয়েও গুরুত্ব আরোপ করেন তিনি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন এনএইচ

এমের রাজ্য অধিকর্তা সাজ্জু ওয়াহিদ, মুদ্রণ দপ্তরের অধিকর্তা রতন বিশ্বাস, সংস্থার সম্পাদক তাপস সাহা। এছাড়া পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার, সংস্থার সভাপতি স্বপন দাশগুপ্ত সহ অন্যান্যর উপস্থিত ছিলেন। সংস্থার স্মরণিকার আনুষ্ঠানিক প্রকাশ করেন রাজ্যপাল। রক্তদান শিবিরে ৩২ জন রক্তদান করেন।

****************************

**SARAS Mela-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন আঞ্চলিক সরস মেলার আয়োজন শুধুমাত্র স্বসহায়ক দলের উৎপাদিত পণ্য সামগ্রী প্রদর্শনের একটি মঞ্চ নয়। এই মঞ্চ রাজ্যের নারীদের অর্থনৈতিক উন্নয়নের পথ খুলে দেওয়ার পাশাপাশি মহিলাদের প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গিতেও পরিবর্তন এনেছে। আজ হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ২০তম আঞ্চলিক সরস মেলার উদ্বোধন করে তিনি একথা বলেন। গ্রামোন্নয়ন দপ্তরের ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে এই আঞ্চলিক সরস মেলার আয়োজন করা হয়েছে। এই মেলা আগামী ২৬ ডিসেম্বর পর্যন্ত চলবে। এবারের সরস মেলার ভাবনা হলো "দিদিদের স্বনির্ভরতার পথে, স্বদেশী পণ্যের সাথে'। মুখ্যমন্ত্রী বলেন, মহিলাদের আর্থসামাজিক মানোন্নয়নে বর্তমান সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। গ্রামীণ জীবিকা মিশনের সহায়তায় মহিলা স্বসহায়ক দলের ৩টি ক্লাস্টার লেভেল ফেডারেশন তাদের উৎপাদিত ৩টি পণ্য, ঐতিহ্যবাহী রিসা, রিগনাই ও মাতারবাড়ির পেড়ার জন্য জিআই ট্যাগ পেয়েছে, যা অত্যন্ত গর্বের।

######Byte-CM######

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী স্বসহায়ক গোষ্ঠীর সাফল্য সম্বলিত একটি পুস্তিকার আবরণ উন্মোচন করেন। এবছর আঞ্চলিক সরস মেলায় ৪১১টি স্টল খোলা হয়েছে। এরমধ্যে স্বসহায়ক দলের স্টলের সংখ্যা ৩৭২। বহিঃরাজ্যের স্টল রয়েছে ১০টি এবং ২৮টি স্টল রয়েছে বিভিন্ন দপ্তরের। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক মিনারাণী সরকার, বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ

পাল, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরার জেলা শাসক ডঃ বিশাল কুমার প্রমুখ।

*****************************

**Lok Adalat :**

রাজ্যে আজ এবছরের চতুর্থ জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হয়েছে। বিভিন্ন জেলায় মামলার নিষ্পত্তির হিসেব এখনও চলছে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানান, জাতীয় লোক আদালতে ত্রিপুরা হাইকোর্ট সহ সহ জেলা ও মহকুমা আদালতে বেঞ্চ বসে। মোট ৬০টি বেঞ্চে ৩৪ হাজার ৭০৯টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। শেষ খবর পাওয়া পর্যন্ত ঊনকোটি জেলায় এক হাজার ২১৬টি মামলা নিষ্পত্তি হয়েছে। আজ লোক আদালতে জমে থাকা ২৯ হাজার ৯৩টি মামলা তোলা হয়। এছাড়া  মামলা পূর্ব বিরোধ সংক্রান্ত ৫ হাজার ৬১৬টি বিষয় নিষ্পত্তির জন্য তোলা হয়।

******************************

**Lok Adalat-Khowai :**

খোয়াই জেলা ও দায়রা আদালতে জাতীয় স্তরের চতুর্থ লোক আদালতে আজ চারটি বেঞ্চে মোট ২৭৭৪টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। যার মধ্যে ১,৯০৮টি মামলা রয়েছে ভেহিকেলস্ অ্যাক্ট, চেক বাউন্স, সহ অপরাধ জনিত ঘটনার। বিকেল পাঁচটা পর্যন্ত ১১০০টি মামলার নিষ্পত্তি করা হয়। এ বিষয়ে খোয়াই জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব অপরাজিতা দেববর্মা জানিয়েছেন, খোয়াই জেলা আদালতের মোট ১৯০৮টি মামলার শমন বিতরণ করা হয়েছিল তার মধ্যে ১৩০৪টি মামলার সমন মানুষের কাছে পৌঁছেছে, বাকি যে শমনগুলি ফেরত এসেছে, সেগুলি আগামী তারিখে লোক আদালতের মাধ্যমে নিষ্পত্তি করা হবে।

****************************

**Lok Adalat-Gomati :**

গোমতী জেলাতে আজ চতুর্থ জাতীয় লোক আদালতে গোমতী জেলা দায়রা আদালত চত্বরে এবং অমরপুর মহকুমা আদালতে মোট ৪ হাজার ২৬৩টি মামলার শুনানি হয়। অধিকাংশ মামলাই নিষ্পত্তি ঘটে বলে জানিয়েছেন বিচারপতি রাজা গুপ্ত। তিনি জানান, বিশেষ করে যান দুর্ঘটনা, দেওয়ানি মামলা, ট্রাফিক চালান মামলা, আপস যোগ্য অপরাধ সংক্রান্ত মামলা, ব্যাংক চেক জালিয়াতি ও অর্থ আত্মসাৎ সহ ভারতীয় সঞ্চার নিগমের বকেয়া বিল ও ব্যাংক ঋণ পরিশোধ সংক্রান্ত মামলাগুলির আজ উদয়পুর এবং অমরপুরে নিষ্পত্তি ঘটে।

*************************

**Lok-Adalat-Unakoti :**

মোট ছয়টি কোর্ট বসে। আজ সর্বমোট 1216টি মামলা নিষ্পত্তি হয়েছে। জরিমানা বাবদ আদায় হয়েছে, 4 লক্ষ 37 হাজার 990 টাকা।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Parliament Attack :**

সংসদে সন্ত্রাসী হামলায় প্রাণ হারানো সাহসী নিরাপত্তা রক্ষীদের প্রতি দেশ আজ শ্রদ্ধা জানাচ্ছে। এই উপলক্ষ্যে আজ সংসদভবন প্রাঙ্গনে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ২০০১ সালের ১৩ই ডিসেম্বর সংসদে সন্ত্রাসী হামলার সময় জীবন উৎসর্গকারী সাহসী নিরাপত্তা কর্মীদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি বলেছেন যে দেশ সেই বীরদের সাহস, বীরত্ব এবং আত্মত্যাগকে শ্রদ্ধা জানায়। রাষ্ট্রপতি সকল ধরণের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করার জন্য ভারতের দৃঢ় সংকল্প পুনর্ব্যক্ত করেন।

উপরাষ্ট্রপতি এবং রাজ্যসভার চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল, জিতেন্দ্র সিং, কিরেন রিজিজু এবং অর্জুন রাম মেঘওয়াল সংসদ ভবনে শহীদদের প্রতি পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এবং তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান সাহসী নিরাপত্তা কর্মীদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জানিয়েছেন।

লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী, কংগ্রেসের বরিষ্ঠ নেত্রী সোনিয়া গান্ধী এবং সংসদের অন্যান্য সদস্যরাও শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।

****************************

**Voice Over Story–25th year of Attack on parliament :**

২০০১ সালের ১৩ই ডিসেম্বরে সংসদে হামলা নিছকই আতংক ছড়ানোর প্রয়াস ছিল–তা নয়, সেটা ছিল ভারতীয় গণতন্ত্রের পীঠস্থানে আঘাত হানার জঘন্য বিদেশী চক্রান্ত। আমাদের বীর বীরাঙ্গনা নিরাপত্তা রক্ষী জওয়ান আধিকারিকরা শেষ রক্তবিন্দু অর্পণ করে সফল হতে দেননি সেই চক্রান্ত। সেই বলিদানের ঘটনার পঁচিশ বছরে পদার্পণ উপলক্ষে আমাদের শ্রদ্ধার্ঘ্য এই প্রতিবেদনের মাধ্যমে।

\#\#\#\#\#\#\#\#\#VC\#\#\#\#\#\#\#\#\#

****************************

**CM-Janajati Morcha :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন জাতি, জনজাতি সকল অংশের মানুষের একতার মাধ্যমে নতুন ত্রিপুরা গড়ে তুলবে রাজ্য সরকার। আজ আগরতলার রবীন্দ্রশতবার্ষিকী ভবন প্রাঙ্গনে বিজেপি জনজাতি মোর্চার উদ্যোগে আয়োজিত জনসমাবেশে তিনি একথা বলেন। তিনি বলেন যে বর্তমান রাজ্য সরকার জনজাতির আর্থ-সামাজিক উন্নয়নের উপর বিশেষ জোর দিয়ে কাজ করছে। তিনি আরও বলেন, জনজাতি শিশুদের শিক্ষার মান উন্নয়নে অগ্রাধিকার দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পথ অনুসরণ করে সরকার জনজাতি সম্প্রদায়ের উন্নয়নের জন্য কাজ করছে। পাশাপাশি জনজাতিদের সংস্কৃতি রক্ষা করতেও সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে তিনি জানান। সরকারের উন্নয়নমূলক প্রচেষ্টার কথা তুলে ধরে তিনি বলেন, কেন্দ্র ও রাজ্য উভয় সরকারই ত্রিপুরাকে রূপান্তরিত করার এবং একটি প্রগতিশীল ভারত গঠনে অবদান রাখার লক্ষ্যে কাজ করছে। তিনি শিক্ষা, রাস্তাঘাট, পানীয় জল সরবরাহ, স্বাস্থ্যসেবা এবং অন্যান্য প্রয়োজনীয় পরিকাঠামো উন্নয়নে প্রশাসনের চলমান প্রচেষ্টার উপর জোর দেন। সমাবেশে অন্যান্যদের মধ্যে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন।

****************************

**Suklacharan Noatia :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আজ আগরতলার ভগৎ সিং যুব আবাসে তিপ্রা একাডেমিশিয়াল্স ফোরামের অষ্টম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করেন। তিনি এই ফোরামের মূল লক্ষ্য হচ্ছে উচ্চশিক্ষা গ্রহণকারী জনজাতি শ্রেণীর শিক্ষার্থীদের ও শিক্ষার উন্নয়নে সহায়তা করা। তাছাড়া শিক্ষাবিদদের শিক্ষা এবং শিক্ষামূলক উদ্ভাবনের সঙ্গে সম্পর্কিত ধারণা এবং অভিজ্ঞতা বিনিময়ের

মঞ্চ হিসেবে কাজ করে এই ফোরাম। পাশাপাশি গবেষণা ও শিক্ষা কার্যক্রমকে উৎসাহিত করার জন্য অন্যান্য বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সঙ্গেও এই মঞ্চ কাজ করে বলে তিনি জানান।

*****************************

**Nari Samiti :**

সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতি ত্রিপুরা রাজ্য কমিটির ২১তম রাজ্য সম্মেলন আজ আগরতলা টাউন হল প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলন উপলক্ষে আয়োজিত সমাবেশে সি.পি.আই.এম পলিটব্যুরো সদস্য তথা বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী অভিযোগ করেন রাজ্যে কর্মসংস্থান নেই। তিনি রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি অভিযোগ করেন। তিনি আরও অভিযোগ করেন, পরিকল্পিতভাবে যুবসমাজকে ধ্বংস করার জন্য নেশা কারবারকে প্রশ্রয় দেওয়া হচ্ছে। শ্রী চৌধুরী অবিলম্বে রাজ্যে নেশা বিরোধী কঠোর অভিযান শুরু করার দাবি জানান। সম্মেলনে সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতির সাধারণ সম্পাদক মরিয়ম ধাওয়ালে সহ সমিতির রাজ্য ও জাতীয় স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

****************************

**Relief from PM :**

দক্ষিণ ত্রিপুরা জেলার জোলাইবাড়ির বাসিন্দা প্লাবন ভৌমিকের দ্বিতীয় শ্রেণীতে পড়ুয়া মেয়ে সুপ্রীতা ভৌমিকের উন্নত চিকিৎসার জন্য প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে ৩ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে। প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব আজ এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, সুপ্রীতার চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর কাছে প্রয়োজনীয় আর্থিক অনুদানের জন্য তিনি চিঠি দিয়েছিলেন। খুব অল্প সময়ের মধ্যেই অনুদান মঞ্জুর করা হয়।

****************************

**Under 19 Cricket :**

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ক্রিকেটের প্রথম ম্যাচে জয় পেলো ত্রিপুরা। নাগপুরের বিদর্ভ ক্রিকেট এসোসিয়েশনের মাঠে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ২৩ রানে মেঘালয়কে হারিয়ে দেয়।

*****************************

**Orshia's bronze :**

৫১তম জাতীয় সিনিয়র মহিলা দাবা প্রতিযোগিতায় ব্রোঞ্জ পদক পেলো রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস। পশ্চিমবঙ্গের দুর্গাপুরে অনুষ্ঠিত আসরে ১১ রাউন্ডের লড়াইয়ে অর্শিয়া ৮ পয়েন্ট সংগ্রহ করে তৃতীয় স্থান দখল করে। ফলে বিশ্বকাপ, এশিয়া কাপ ও কমনওয়েলথ দাবার আসরে খেলায় যোগ্যতা লাভ করে।

****************************

**Bijoy Marchant Trophy :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় বিদর্ভের বিরুদ্ধে সরাসরি পরাজয় এড়াতে লড়াই করছে ত্রিপুরা। কর্ণাটকের শিমোগার জে এন এন কলেজ মাঠে ৭ উইকেটে ৩১৩ রান থেকে দ্বিতীয় দিনে খেলতে নেমে আজ বিদর্ভ ৩৫৬ রান সংগ্রহ করে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দেয়। জবাবে রাজ্যদলের প্রথম ইনিংস মাত্র ৯৩ রানে শেষ হয়ে যায়। ২৬৩ রানে পিছিয়ে থাকায় ফলোঅনে খেলতে নেমে রাজ্যদল দিনের শেষে দ্বিতীয় ইনিংসে ৩ উইকেট হারিয়ে ৫৮ রান করে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস।